

রূপালী ব্যাংক লিমিটেড  
উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ  
প্রধান কার্যালয়  
ঢাকা।

সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/  
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা  
আরবিটিআই সহ প্রধান কার্যালয়ের  
সকল বিভাগের প্রতি :

সার্কুলার নং : প্রকা/উন্নয়ন/১৩  
তারিখ : ০৬-০৭-২০১১

বিষয় :- সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীদের জন্য  
ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

=====

বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১৯-০৬-২০১১ তারিখের  
বিআরপিডি সার্কুলার নং-০৫ এর মাধ্যমে যে নির্দেশনা প্রদান করেছে তা নিম্নে উদ্ধৃত করা হলো :-

“সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন সমাজসেবা অধিদপ্তর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায়  
বয়স্ক ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কার্যক্রম  
সহজতর, হয়রানীমুক্ত এবং স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে জাতীয় পরিচয় পত্র ও পিপিও (Pension Payment  
Order) নম্বর সম্বলিত ভাতা পরিশোধ বই এর বিপরীতে ভাতাভোগীগণ ১০(দশ) টাকা জমাকরণ পূর্বক নিজ নিজ  
নামে ব্যাংক হিসাব খুলতে পারবেন। উক্ত হিসাবে নূন্যতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ এবং কোন প্রকার  
চার্জ/ফি আদায় করা যাবে না। যেক্ষেত্রে চেকবই এর অপ্রতুলতা থাকবে সেক্ষেত্রে চেকবই এর পরিবর্তে  
ভাউচারের মাধ্যমেও এসকল হিসাবে লেনদেন করা যাবে।”

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বর্ণিত নির্দেশাবলী মোতাবেক সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায়  
বয়স্ক ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা ব্যাংক একাউন্টের  
মাধ্যমে প্রদানের লক্ষ্যে ভাতাভোগীগণের নিকট হতে টাঃ ১০/- জমা নিয়ে সঞ্চয়ী হিসাব খোলা এবং তাদের  
হিসাবে নূন্যতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ না করা এবং কোনরূপ চার্জ/ফি আদায় না করার জন্য পরামর্শ  
দেয়া হলো।

(এ,কে,এম, সামসুদ্দিন)  
সহকারী মহাব্যবস্থাপক

(আবু মোঃ ছায়েদুল ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক